

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

স্মারক নং- ৫৪৫০

তারিখঃ ০১ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
১৩ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : সুপ্রীম কোর্টের রিসার্চ ইউনিটের অধীনে গঠিতব্য মনিটরিং সেল এর কার্যপন্থা নিরূপনের উদ্দেশ্যে অধস্তন আদালত/ট্রাইব্যুনালের কার্যক্রম পর্যবেক্ষণ এবং উহার কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনা প্রসঙ্গে।

মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের নির্দেশনা অনুসারে অধস্তন আদালত ও ট্রাইব্যুনালসমূহের কার্যকর তত্ত্বাবধানের জন্য জাতিসংঘের উন্নয়ন কর্মসূচী UNDP এর আর্থিক ও কারিগরি সহায়তায় সুপ্রীম কোর্টের রিসার্চ ইউনিটের অধীনে একটি মনিটরিং সেল গঠনের কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। উক্ত মনিটরিং সেল এর কার্যপন্থা নিরূপনের উদ্দেশ্যে ময়মনসিংহ ও সিলেটের বিভিন্ন আদালত ও ট্রাইব্যুনালের কার্যক্রম পর্যবেক্ষণ এবং উহার কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনার জন্য সুপ্রীম কোর্টের গবেষণা ও তথ্য কর্মকর্তা জনাব মোঃ শামীম সুফী UNDP এর কর্মকর্তাসহ নিম্নলিখিত আদালত/ট্রাইব্যুনালসমূহ সফর করবেন।

ক্রমিক	আদালত/ট্রাইব্যুনাল	তারিখ
১।	জেলা ও দায়রা জজ আদালত, ময়মনসিংহ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ময়মনসিংহ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ময়মনসিংহ বিশেষ জজ আদালত, ময়মনসিংহ	১৭/০৭/২০১৭ হতে ১৮/০৭/২০১৭ খ্রি.
২।	জেলা ও দায়রা জজ আদালত, সিলেট মহানগর দায়রা জজ আদালত, সিলেট চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, সিলেট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সিলেট	১৯/০৭/২০১৭ হতে ২০/০৭/২০১৭ খ্রি.

০২। এমতাবস্থায়, সংশ্লিষ্ট আদালতের বিচারকগণকে বর্ণিতমতে আলোচনায় অংশ নিয়ে এবং আদালতের কর্মকর্তা/কর্মচারী ও সংশ্লিষ্ট অন্যান্য ব্যক্তিবর্গের সাথে আলোচনার সুযোগ করে দিয়ে এ বিষয়ে সহায়তা করার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। সুপ্রীম কোর্টের গবেষণা ও তথ্য কর্মকর্তা জনাব মোঃ শামীম সুফী, যাতায়াত ও কর্মস্থলের বাইরে অবস্থানের জন্য বিধি মোতাবেক টি,এ এবং ডি,এ প্রাপ্য হবেন।



(মোঃ আজিজুল হক)

ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

ই-মেইলঃ aziz_dr@supremecourt.gov.bd

কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. জেলা ও দায়রা জজ, সিলেট
২. মহানগর দায়রা জজ, সিলেট
৩. জেলা ও দায়রা জজ, ময়মনসিংহ
৪. নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ময়মনসিংহ
৫. বিশেষ জজ আদালত, ময়মনসিংহ
৬. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, সিলেট
৭. চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, সিলেট
৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ
৯. জনাব মোঃ শামীম সুফী, গবেষণা ও তথ্য কর্মকর্তা (সিনিয়র সহকারী জজ), আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট
১০. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ [ওয়েব সাইটে প্রকাশের জন্য]